

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৬ (অংশ-২)- ৭৭

তারিখঃ ০৭ কার্তিক ১৪৩১
২৩ অক্টোবর ২০২৪

বিষয়: বার্ষিক গোপনীয় অনুবেদনে অনুস্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে সামঞ্জস্যতা বিধান।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০’ এর ৩.২.৪ নং অনুচ্ছেদে “অনুবেদনকারীকে গোপনীয় অনুবেদন লেখার সময় যথাসম্ভব বস্তুনিষ্ঠ, নিরপেক্ষ ও সুনির্দিষ্ট হতে হবে। অস্পষ্ট, দ্ব্যর্থক মন্তব্য করা যাবে না” মর্মে উল্লেখ রয়েছে। সিআর অধিশাখায় প্রাপ্ত বার্ষিক গোপনীয় অনুবেদনসমূহ পর্যালোচনায় অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হচ্ছে। কোন অনুবেদনাধীন কর্মকর্তার বিরুদ্ধে কোন বিরূপ মন্তব্য করার ক্ষেত্রে “গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০” এর চতুর্থ অধ্যায়ের ৪.৩ নং অনুচ্ছেদে নিম্নবর্ণিত অনুশাসন রয়েছে:

৪.৩.১ . অনুবেদনাধীন কর্মচারীর আচরণ বা কার্যধারায় কোনো ত্রুটি পরিলক্ষিত হলে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃক বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে তাকে লিখিতভাবে সংশোধনের জন্য আদেশ প্রদান করতে হবে এবং যথাযথভাবে আদেশ জারিপূর্বক অনুলিপি কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করতে হবে এবং আবশ্যিকভাবে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে অনুলিপি প্রেরণ করতে হবে।

৪.৩.২. লিখিত আদেশের পরও সংশোধন না হলে গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য প্রদান করা যাবে। বিরূপ মন্তব্য সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হতে হবে এবং গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সময় ইতঃপূর্বে লিখিতভাবে সতর্কীকরণ নোটিশের কপি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

৪.৩.৩. অনুবেদনকারী কর্তৃক বিরূপ মন্তব্যের বিষয়ে প্রতিস্বাক্ষরকারী একমত পোষণ না করলে কারণ উল্লেখপূর্বক মন্তব্য ও নম্বর প্রদান করতে হবে। এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারীর মন্তব্য ও প্রদত্ত নম্বর চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

বর্ণিত অবস্থায়, ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০’ অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদনে অনুস্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নম্বর ও মন্তব্যের মধ্যে সামঞ্জস্যতা বজায় রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৩/১০/২০২৪

(মোঃ মেহেদী-উল-সহিদ)

যুগ্মসচিব (সিআর)

ফোন- ৫৫১০০৮৭৮

cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব, বিপিএসসি, আগারগাঁও, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, প্লানিং কমিশন চত্বর, ব্লক ৫ ও ৬, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা/জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি, মিরপুর, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার,।
৭. মহাপরিচালক।
৮. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. জেলা প্রশাসক,।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।